# দেওয়াল লিখন ও পোষ্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২

সূচী

**ধারাসমূহ**

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন
২। সংজ্ঞা
৩। দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিষিদ্ধ
৪। দেওয়াল লিখন ও পোস্টার লাগাইবার স্থান নির্ধারণ
৫। বিদ্যমান দেওয়াল লিখন বা পোস্টার সম্পর্কে ব্যবস্থা গ্রহণ, ইত্যাদি
৬। অপরাধ ও দণ্ড
৭। বিচার
৮। কোম্পানী, ইত্যাদি কর্তৃক অপরাধ সংঘটন
৯। বিশেষ বিধান
১০। বিধি প্রণয়নের ক্ষমতা

# দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২

## ২০১২ সনের ১ নং আইন

[২০ ফেব্রুয়ারি, ২০১২]

**দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিয়ন্ত্রণকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

**১।** (১) এই আইন দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা কার্যকর হইবে।

সংজ্ঞা

**২।** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনের

(১) "দেওয়াল" অর্থ বাসস্থান, অফিস, আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসাকেন্দ্র, শিল্প কারখানা, দোকান বা অন্য কোন স্থাপনা, কাঁচা বা পাকা যাহাই হউক না কেন, এর বাহিরের ও ভিতরের দেওয়াল বা উহাদের সীমানা নির্ধারণকারী দেওয়াল বা বেড়া; এবং বৃক্ষ, বিদ্যুতের খুটি, খাম্বা, সড়ক দ্বীপ, সড়ক বিভাজক, ব্রীজ, কালভার্ট, সড়কের উপরিভাগ ও বাড়ির ছাদও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(২) "দেওয়াল লিখন" অর্থ প্রচার বা ভিন্নরূপ কোন উদ্দেশ্যে, যে কোন রং এর কালি বা চুন বা কেমিক্যাল দ্বারা, দেওয়াল বা যানবাহনে কোন লিখন, মুদ্রণ, ছাপচিত্র বা চিত্র অংকন করা;

(৩) "পোস্টার" অর্থ কাগজ, কাপড়, রেক্সিন বা ইলেকট্রনিক মাধ্যমসহ অন্য যে কোন মাধ্যমে প্রস্তুতকৃত কোন প্রচারপত্র, প্রচারচিত্র, বিজ্ঞাপনপত্র, বিজ্ঞাপনচিত্র; এবং যে কোন ধরণের ব্যানার ও বিলবোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৪) "পোস্টার লাগানো" অর্থ প্রচার বা ভিন্নরূপ কোন উদ্দেশ্যে, দেওয়াল বা যানবাহনে, আঠা বা অন্য কোন পদার্থ দ্বারা পোস্টার সাঁটিয়া দেওয়া, লাগাইয়া দেওয়া, ঝুলাইয়া দেওয়া, টাঙ্গাইয়া দেওয়া বা স্থাপন করা;

(৫) "ব্যক্তি" অর্থ কোন কোম্পানী, প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি, সংঘ, সংগঠন; এবং সংস্থাও, সংবিধিবদ্ধ হউক বা না হউক, অন্তর্ভুক্ত হইবে;

(৬) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৭) "যানবাহন" অর্থ স্থল, নৌ বা আকাশ পথে চলাচলকারী, চাকাযুক্ত বা চাকাবিহীন, যাত্রী বা মালামাল বহনকারী কোন পরিবহন;

(৮) "সুবিধাভোগী" অর্থ এমন কোন ব্যক্তি, যাহার প্রয়োজনে বা স্বার্থে দেওয়াল লিখন বা পোস্টার লাগানো হয়;

(৯) "স্থানীয় কর্তৃপক্ষ" অর্থ ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা এবং সিটি কর্পোরেশনসহ কোন আইনের অধীন কোন নির্দিষ্ট কার্যাদি সম্পাদনের জন্য প্রতিষ্ঠিত কোন কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান।

**দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিষিদ্ধ**

**৩।** ধারা ৪ অনুযায়ী নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে না।

**দেওয়াল লিখন ও পোস্টার লাগাইবার স্থান নির্ধারণ**

**৪।** এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে, কোন স্থানীয় কর্তৃপক্ষ দেওয়াল লিখন বা পোস্টার লাগাইবার জন্য প্রশাসনিক আদেশ দ্বারা স্থান নির্ধারণ করিয়া দিতে পারিবে এবং উক্তরূপে নির্ধারিত স্থানে দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে:

তবে শর্ত থাকে যে, স্থানীয় কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, উল্লিখিত নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে বিধি দ্বারা নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে এবং নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে, দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে।

**বিদ্যমান দেওয়াল লিখন বা পোস্টার সম্পর্কে ব্যবস্থা গ্রহণ, ইত্যাদি**

**৫।** (১) এই আইন কার্যকর হইবার পর বিদ্যামান দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিতে বা অপসারণের জন্য সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সময়সীমা নির্ধারণ করিবে।

(২) উপ-ধারা (১) অনুযায়ী সময়সীমা নির্ধারণ করা হইলে, উক্তরূপ সময়সীমার মধ্যে, সংশ্লিষ্ট ব্যক্তি বা সুবিধাভোগীকে তাহার দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিতে বা অপসারণ করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে, কোন দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলা না হইলে বা অপসারণ করা না হইলে, উক্ত সময়সীমা অতিবাহিত হইবার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষ, স্ব-উদ্যোগে, অননুমোদিত যে কোন দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিতে বা অপসারণ করিতে পারিবে এবং উক্ত কার্যক্রমের আনুষঙ্গিক ব্যয়ের সমুদয় অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা সুবিধাভোগীর নিকট হইতে নগদ আদায় করিবে।

(৪) উপ-ধারা (৩) এ উল্লিখিত অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা সুবিধাভোগী তাৎক্ষণিকভাবে পরিশোধ করিতে না পারিলে উহা Public Demands Recovery Act, 1913 (Act IX of 1913) এর বিধান অনুযায়ী সরকারি দাবী হিসাবে আদায় করা যাইবে।

অপরাধ ও দণ্ড

**৬।** (১) কোন ব্যক্তি ধারা ৩ ও ৪ এর বিধান লঙ্ঘন করিলে উহা এই আইনের অধীন অপরাধ বলিয়া গণ্য হইবে।

(২) কোন ব্যক্তি ধারা ৩ ও ৪ এর বিধান লঙ্ঘন করিয়া দেওয়াল লিখন বা পোস্টার লাগাইলে উক্ত অপরাধের জন্য উক্ত ব্যক্তির বিরুদ্ধে অন্যূন ৫(পাঁচ) হাজার টাকা এবং অনূর্ধ্ব ১০(দশ) হাজার টাকা অর্থদণ্ড আরোপ করা যাইবে, অনাদায়ে অনধিক ১৫(পনের) দিন পর্যন্ত বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা যাইবে এবং উক্ত ব্যক্তিকে তাহার নিজ খরচে সংশ্লিষ্ট দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিবার বা অপসারণের জন্য আদেশ প্রদান করা যাইবে।

(৩) কোন সুবিধাভোগীর অনুকূলে ধারা ৩ ও ৪ এর বিধান লঙ্ঘন করিয়া দেওয়াল লিখন বা পোস্টার লাগাইলে উক্ত অপরাধের জন্য উক্ত সুবিধাভোগীর বিরুদ্ধে অন্যূন ১০(দশ) হাজার টাকা এবং অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড আরোপ করা যাইবে, অনাদায়ে অনধিক ৩০(ত্রিশ) দিন পর্যন্ত বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা যাইবে এবং উক্ত সুবিধাভোগীকে তাহার নিজ খরচে সংশ্লিষ্ট দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিবার বা অপসারণের জন্য আদেশ প্রদান করা যাইবে।

বিচার

**৭।** আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৬ এর উপ-ধারা (২) এর অধীন সংঘটিত অপরাধ মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এ উল্লিখিত মোবাইল কোর্ট কর্তৃক বিচার্য হইবে, এবং ধারা ৬ এর উপ-ধারা (৩) এর অধীন সংঘটিত অপরাধের বিচার Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর Chapter XXIII অনুসারে সংক্ষিপ্ত পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে।

কোম্পানী, ইত্যাদি কর্তৃক অপরাধ সংঘটন

**৮।** কোন কোম্পানী কর্তৃক এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানীর এমন প্রত্যেক পরিচালক, ম্যানেজার, সচিব, অংশীদার, কর্মকর্তা এবং কর্মচারী উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

**ব্যাখ্যা**-এই ধারায়-

(ক) "কোম্পানী" বলিতে যে কোন প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি, সংঘ, সংগঠন এবং সংস্থাও অন্তর্ভুক্ত হইবে;

(খ) "পরিচালক" বলিতে অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যকেও বুঝাইবে।

বিশেষ বিধান

**৯।** (১) এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, নির্বাচন কমিশন কর্তৃক পরিচালিত, জাতীয় সংসদ নির্বাচনসহ কোন স্থানীয় কর্তৃপক্ষের নির্বাচনে, নির্বাচনী প্রচারণা সংক্রান্ত দেওয়াল লিখন বা পোস্টার লাগানোর ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান এবং এতদুদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক জারীকৃত নির্দেশনা, যদি থাকে, প্রযোজ্য হইবে।

(২) এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, উপ-ধারা (১) এ উল্লিখিত নির্বাচন ব্যতীত অন্য কোন নির্বাচনে, সংশ্লিষ্ট নির্বাচন পরিচালনাকারী কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের নিকট হইতে পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে, উক্ত স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত স্থান ও শর্তে, নির্বাচনী প্রচারণা সংক্রান্ত দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবেঃ

তবে শর্ত থাকে যে, অনুমোদিত পোস্টার বা দেওয়াল লিখন নির্বাচন সম্পন্ন হইবার ১৫(পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক অপসারণ বা মুছিয়া ফেলা না হইলে উক্ত ব্যক্তির বিরুদ্ধে ধারা ৬ এ বর্ণিত দণ্ড আরোপ করা যাইবে।

বিধি প্রণয়নের ক্ষমতা

**১০**। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।